

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড

অপারেশন্স উইং

সাধারণ সেবা বিভাগ

প্রধান কার্যালয়, ২০, দিলকুশা বা/এ,

ঢাকা।

দরপত্র আহ্বান

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড এর সাব-স্টাফদের গ্রীষ্মকালীন ইউনিফর্মের জন্য বিভিন্ন রংয়ের প্রায় ১০২০০ গজ সার্টিং ও ৬৩০০ গজ প্যান্টিং এর কাপড় ক্রয়ের লক্ষ্যে আগ্রহী কাপড় প্রস্তুতকারী, বিক্রয়কারী ও সরবরাহকারীদের নিকট থেকে সীলমোহরকৃত খামে নমুনা অনুযায়ী দরপত্র আহ্বান করা যাচ্ছে। কাপড়ের নমুনা ও বিবরণ সম্বলিত সিডিউল প্রতিটি ১,০০০/- (এক হাজার) টাকা নগদমূল্যে (অফেরতযোগ্য) আগামী ১৫.০৬.২০১৭ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ব্যাংকের সাধারণ সেবা বিভাগ, ২০, দিলকুশা বা/এ (৭ম তলা), ঢাকা থেকে ক্রয় করা যাবে এবং কাপড়ের নমুনা সাধারণ সেবা বিভাগের উপরোক্ত ঠিকানা থেকে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে।

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড এর অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক কর্তৃক ইস্যুকৃত উদ্ধৃত মূল্যের ২.৫০% জামানত পে-অর্ডার আকারে সংযুক্ত করে নিজস্ব প্যাডে ফরওয়ার্ডিং লেটারসহ দরপত্রে সরকারি ট্যাক্স, ভ্যাট ইত্যাদিসহ দর নির্ধারণ পূর্বক নমুনাসহ দরপত্রটি সীলমোহরকৃত খামে আগামী ১৮.০৬.২০১৭ ইং তারিখ বেলা ১২:০০ টার মধ্যে (১) ইসলামী ব্যাংক টাওয়ার ৪০, দিলকুশা বা/এ, ১ম তলা, (২) সাধারণ সেবা বিভাগ, ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড, ২০ দিলকুশা বা/এ, ৭ম তলা, (৩) ডেড স্টক ডিপার্টমেন্ট, ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড, ৬৩ দিলকুশা বা/এ, ৮ম তলা এবং (৪) সেন্ট্রাল ষ্টোর এন্ড স্টেশনারী সাপ্লাই ডিপার্টমেন্ট, ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড, ১৯৬ মতিঝিল বা/এ, নিচতলা, ঢাকায় রক্ষিত যে কোন একটি বাক্সে ফেলতে হবে যা একই দিন বেলা ২:১০ টায় সাধারণ সেবা বিভাগ, ২০, দিলকুশা বা/এ, ৭ম তলায় উপস্থিত দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্রের বিজ্ঞপ্তি ব্যাংকের ওয়েবসাইট www.islamibankbd.com এ দেখা যাবে।

উল্লেখ্য যে, ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র আংশিক / সম্পূর্ণ গ্রহণ অথবা বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

সিনিয়র ভাইস প্রেসিডেন্ট

এসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্ট (পিআরডি) সমীপে